দৈনিক বাংলা

তারিখ ... ... 20.4.78 ...
পৃষ্ঠা ... 10 ... কলাম ... 6 ... ...

007

# সঙ্গীত সাধনার জন্য ৩ জন মরণোত্তর পুরস্কারে ভূষিত



আয়াত আলী খান



মোহাম্মদ হোসেন খসরু



কমল দাসগুপ্ত

সঙ্গীত সাধনা ও সঙ্গীতে সৃজনশীল অবদানের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমী পরলোকগত তিনজন বিশিষ্ট সঙ্গীতজ্ঞকে ১৩৮৫ সালের একাডেমী পুরস্কার প্রদানের কথা ঘোষণা করেছে। মরণোত্তর পুরস্কারপ্রাপ্ত উপমহাদেশের এই তিনজন সঙ্গীত সাধক হচ্ছেন: ওস্তাদ আয়েত আলী খান, ওস্তাদ মোহাম্মদ হোসেন খসরু, শ্রী কমল দাসগুপ্ত।

পুরস্কারপ্রাপ্ত তিনজন শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে মানপত্র ও তাঁদের কৃতিত্ববহুল জীবনের ওপর পুস্তিকা প্রকাশ করা হবে। তাঁদের পরিবারকে নগদ পাঁচ হাজার টাকা করে দেয়া হবে। শিল্পকলা একাডেমীর এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর দেয়া হয়েছে।